19 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

সমকাল

# শর্তহীন পে স্কেল বাস্তবায়নের দাবিতে শিক্ষকদের সমাবেশ

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য শর্তহীন অষ্টম পে স্কেল বাস্তবায়ন ও শিক্ষা মন্ত্রণালয়ের বিতর্কিত প্রজ্ঞাপন প্রত্যাহারের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। আগামী এক সপ্তাহের মধ্যে দাবি মেনে না নিলে লাগাতার কর্মবিরতিসহ কঠোর আন্দোলনের হুমকি দিয়েছে সংগঠনটি। গতকাল সোমবার সকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশে সংগঠনের নেতারা এ হুমকি দেন। মানববন্ধন ও সমাবেশ শেষে সংগঠনের পক্ষ থেকে প্রধানমন্ত্রী বরাবর একটি স্মারকলিপি দেওয়া হয়েছে।

সংগঠনের সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিকের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আবুল কাশেম, সহসভাপতি রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ মো. বজলুর রহমান মিয়া, আলী আসগর হাওলাদার, অলকা ঘোষ, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যক্ষ বজলুর রহমান মিয়া প্রমুখ।

বক্তারা বলেন, শিক্ষক-কর্মচারীরা সব সময় কোনো রকম শর্ত ছাড়াই জাতীয় বেতন স্কেল পেয়ে আসছেন। বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অষ্টম পে স্কেল দেওয়ার ঘোষণাও দিয়েছেন শিক্ষামন্ত্রী। গত ২০ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম সার্বিকভাবে পর্যালোচনা করে নতুন পে স্কেল মোতাবেক তাদের যোগ্যতাভিত্তিক অনুদান-সহায়তার বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মূল্যায়নক্রমে ১ জুলাই থেকে বাস্তবায়ন করা সমীচীন। প্রজ্ঞাপনে 'অনুদান-সহায়তা' উল্লেখ আর শর্ত দিয়ে শিক্ষকদের অসম্মান করা হয়েছে বলে বক্তারা অভিযোগ করেন।

একটি মহল শিক্ষাক্ষেত্রে সরকারের সফলতাকে ম্লান করার জন্য মীমাংসিত বিষয়কে জটিল করে অকারণে শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের মুখে ঠেলে দিয়েছে বলে অভিযোগ করেন শিক্ষক-নেতারা।